সাঁথিয়ায় ৫৭টি কেন্দ্র অধিক ঝুকিপুর্ণ, সতর্ক আইন শৃঙ্খলা বাহিনী

ফাইল ফটো

সাঁথিয়া প্রতিনিধি : সাঁথিয়া উপজেলার ৯ ইউনিয়নের ৯৩ টি কেন্দ্রের মধ্যে ৫৭ টি কেন্দ্রই অধিক ঝুকিপুর্ণ ও ১৫টি কেন্দ্র ঝুঝিপূর্ণ হিসেবে শনাক্ত করেছে স্থানীয় প্রশাসন।

ধোপাদহ ইউনিয়নের ৫টি অধিক ঝুকিপূর্ন কেন্দ্রর মধ্যে শীর্ষে রয়েছে খানমাহমুদপুর, দয়রামপুর । নন্দনপুর ইউনিয়নের ৫টি অধিক ঝুকিপূর্ন কেন্দ্রর মধ্যে শীর্ষে রয়েছে মাহমুদপু ও চর ভদ্রকোলা।

আর-আতাইকুলা ৭টি অধিক ঝুকিপূর্ন কেন্দ্রর মধ্যে শীর্ষে রয়েছে পদ্মবিলা ও আড়িয়াডাঙ্গী। ভুলবাড়িয়া ইউনিয়নের ৮টি অধিক ঝুকিপূর্ন কেন্দ্রর মধ্যে শীর্ষে রয়েছে বৃহস্পতিপুর ও গয়েশবাড়িয়া।

গৌরীগ্রাম ইউনিয়নের ৪টি অধিক ঝুকিপূর্ন কেন্দ্রর মধ্যে শীর্ষে রয়েছে ঘুঘুদহ দাখিল মাদরাসা ও ঘুঘূদহ সরকারী প্রাথমিক বিদ্যালয়। ক্ষেতুপাড়া, নাগডেমরা, কাশিনাথপুর, ধুলাউড়ি ইউনিয়নের সবগুলো কেন্দ্রই অধিক ঝুকিপুর্ন।

সাঁথিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) নাসির উদ্দিন জানান ঝুকিপুর্ণ কেন্দ্রগুলির উপর প্রশাসনের অধিক নজরদারী রয়েছে এবং সে মোতাবেক আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করা হয়েছে।